

## অনলাইনে আয়কর রিটার্ন দাখিলের নিয়মাবলী

- ❖ যে কোন ওয়েব ব্রাউজার হতে <https://etaxnbr.gov.bd> ওয়েবসাইটে প্রবেশ করুন।
- ❖ ওয়েবসাইট দৃশ্যমান হলে মেনুতে eReturn ক্লিক করুন।
- ❖ eReturn মেনুতে প্রবেশ করার পর Registration বাটনে ক্লিক করুন।
- ❖ ১২ ডিজিটের টিআইএন নম্বর ও মোবাইল নম্বর প্রদান করুন। এরপর নির্দিষ্ট ঘরে Captcha টাইপ করে Verify বাটনে ক্লিক করুন। মোবাইল নম্বরে ৬ ডিজিটের একটি Verification কোড এর SMS আসবে।
- ❖ ৬ ডিজিটের Verification কোড প্রবেশ করে পছন্দমত Password প্রদান করুন (Password কমপক্ষে ৮ ডিজিটের হতে হবে এবং কমপক্ষে একটি Capital Letter, একটি Number ও একটি Special Character যেমন \*, @, #, % থাকতে হবে।
- ❖ Password প্রদান সম্পন্ন হলে Submit বাটনে ক্লিক করুন। Registration সফলভাবে সম্পন্ন হলে Sign in বাটনে ক্লিক করুন।
- ❖ ১২ ডিজিটের টিআইএন নম্বর, Password এবং Captcha টাইপ করে Sign in করুন।
- ❖ বাম দিকে Return Submission বাটনে ক্লিক করুন।
- ❖ করদাতার প্রাথমিক তথ্যাদি দৃশ্যমান হবে। প্রযোজ্য Option সমূহে টিক চিহ্ন দিয়ে Save & Continue বাটনে ক্লিক করে পরবর্তী পেজে চলে যান।
- ❖ সমগ্র আয়কর রিটার্ন প্রস্তুত হয়ে গেলে Tax & Payment পেজ এর নিচের দিকে Pay বাটনে ক্লিক করে অনলাইনে প্রদেয় আয়কর পরিশোধ করুন।
- ❖ Sign View Return বাটনে ক্লিক করলে প্রস্তুতকৃত সামগ্রিক আয়কর রিটার্ন দৃশ্যমান হবে। উক্ত রিটার্নের শেষ পর্যায়ে Verification এ টিক চিহ্ন দিয়ে Submit Return বাটনে ক্লিক করে সফলভাবে আয়কর রিটার্ন দাখিল করুন।

ওয়েবসাইট: <https://etaxnbr.gov.bd>

## সাধারণ জিজ্ঞাসা

১। মোবাইল ফোনে ই-রিটার্ন করা যাবে?

উত্তর: ই-রিটার্নকে সহজ ও User-friendly করার জন্য অনেক features দেয়া আছে, যার অনেকগুলো মোবাইল ডিভাইসে পাওয়া যাবে না। তাই ল্যাপটপ বা ডেস্কটপ কম্পিউটারে ই-রিটার্ন করুন।

২। ই-রিটার্ন সিস্টেমে সাইন-ইন কীভাবে করবো?

উত্তর: ই-রিটার্ন সিস্টেমে সাইন-ইন করতে হলে টিআইএন এবং পাসওয়ার্ড লাগবে। পাসওয়ার্ড পাওয়ার জন্য রেজিস্ট্রেশন করতে হয়। রেজিস্ট্রেশনের সময় আপনি নিজের পাসওয়ার্ড নিজে ঠিক করে নিবেন। এরপর যে কোন সময় আপনার টিআইএন এবং এই পাসওয়ার্ড ব্যবহার করে ই-রিটার্ন সিস্টেমে লগ-ইন করতে পারবেন।

৩। রেজিস্ট্রেশন করতে কি লাগে?

উত্তর: ই-রিটার্ন সিস্টেমে রেজিস্ট্রেশন করতে টিআইএন এবং আপনার নিজের নামে নিবন্ধিত (biometrically verified) মোবাইল ফোন নম্বর লাগে। মোবাইল নম্বরটি Biometric Registered কিনা যাচাই করতে \*১৬০০১# ডায়াল করে যাচাই করতে পারবেন।

৪। টিআইএন খোলার সময় যে ফোন নম্বর দিয়েছিলাম তা এখন আর নেই। আমি কি রেজিস্ট্রেশন করতে পারবো?

উত্তর: পারবেন। টিআইএন খোলার সময় যে ফোন নম্বর দিয়েছিলেন তা গুরুত্বপূর্ণ না। আপনার নিজের নামে নিবন্ধিত (biometrically verified) যে কোন মোবাইল ফোন দিয়ে রেজিস্ট্রেশন করুন।

৫। পাসওয়ার্ড সেট করার কোন নিয়ম আছে?

উত্তর: পাসওয়ার্ড কমপক্ষে আট character বিশিষ্ট হবে। এর মধ্যে কমপক্ষে একটি করে lower case, upper case, digit (০-৯) এবং special character (@, #, %, & ইত্যাদি) থাকতে হবে। ল্যাপটপ বা ডেস্কটপ কম্পিউটার ব্যবহার করলে সিস্টেম আপনাকে গাইড করবে।

৬। সাপোর্টিং কাগজ পত্র কোথায়, কীভাবে attach করতে হবে?

উত্তর: অনলাইনে রিটার্ন দাখিলে কোন কিছু attach করতে হবে না। আপনি দরকারি কাগজপত্র সাথে নিয়ে বসুন এবং প্রয়োজনীয় কিন্তুগুলোতে নির্ভুলভাবে এন্ট্রি দিন। এতেই হবে। অনলাইনে রিটার্ন submit করার সাথে সাথে সিস্টেমে আপনার অ্যাসেসমেন্ট হয়ে যাবে এবং আপনি প্রাপ্তি স্বীকারপত্র পেয়ে যাবেন। ট্যাক্স সার্টিফিকেটও সাথে সাথে তৈরি হয়ে যাবে। বামপাশের Tax Records মেনুতে ক্লিক করে আপনি যে কোনো সময় প্রাপ্তি স্বীকারপত্র, ট্যাক্স সার্টিফিকেট ও রিটার্নের কপি প্রিন্ট নিতে পারবেন।

৭। অনলাইনে রিটার্ন সাবমিট করার পর আবার কি সার্কেলে গিয়ে কাগজপত্র দাখিল করতে হবে?

উত্তর: না, হবে না। অনলাইনে রিটার্ন submit করার সাথে সাথেই আপনার অ্যাসেসমেন্ট সম্পন্ন হয়ে যাবে।